Registrar Office
Jagannath University
Dhaka-1100, Bangladesh
Tel: (+880-2) 9534255
Fax: (+880-2) 47118449
E-mail: registrar@jnu.ac.bd
website: www.jnu.ac.bd

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন : ৯৫৩৪২৫৫
ফ্যাক্স: (+৮৮০২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা-৩২/২০০৭/ ৭৬০

তারিখ: ২৭ ভাদ্র, ১৪৩২
১১ সেপ্টেম্বর, ২০২৫

পরিচালক/চেয়ারম্যান

.......................................ইনস্টিটিউট/বিভাগ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**বিষয়: জুলাই গণ-অভ্যুত্থানে শহীদ ও আহত জুলাই যোদ্ধাদের তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: ৩৭.০১.০০০০.০০০.১৫১.৪১.০০২২.২০.২৯০ তারিখ: ১৯ আগস্ট, ২০২৫ (ইউজিসি)

সূত্র: ৩৭.০০.০০০০.০৬২.২৩.০০১.২২-২৫৮ তারিখ: ০৭ আগস্ট, ২০২৫ (শিক্ষা মন্ত্রণালয়)

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পত্রের নির্দেশনা অনুসরণপূর্বক (সংযুক্তি ০১ পৃষ্ঠা) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জুলাই গণ-অভ্যুত্থানে শহীদ ও আহত জুলাই যোদ্ধাদের তথ্যাদি (গেজেট অনুযায়ী) নিম্নবর্ণিত ছক মোতাবেক আগামী **১৬/০৯/২০২৫** তারিখের মধ্যে প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো:

| ক্রম. | শিক্ষার্থীর নাম ও বিভাগ (গেজেট অনুযায়ী) | শিক্ষাবর্ষ | স্টুডেন্ট আইডি | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ০১. | | | | |

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী গেজেটের কপি, ছবিসহ ০২ পাতার প্রবন্ধ, প্রবন্ধ লেখার পত্রিকায় প্রকাশিত সংবাদ, ছবি, সরকারি গেজেট ও অন্যান্য প্রমাণক এবং প্রত্যয়ন পত্র প্রেরণের অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

১১/০৯/২৫

(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

সংযুক্তি: শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা ও প্রত্যয়ন পত্র।

জবি/প্রশা-৩২/২০০৭/৭৬০

তারিখ: ২৭ ভাদ্র, ১৪৩২
১১ সেপ্টেম্বর, ২০২৫

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রক্টর, জবি
২. পরিচালক (অর্থ ও হিসাব/ছাত্র কল্যাণ/আইসিটি সেল (ওয়েবসাইটে দেওয়ার অনুরোধসহ)/জনসংযোগ, তথ্য ও প্রকাশনা), জবি
৩. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. অফিস নথি

১১/০৯/২০২৫

(মোহাম্মদ এমেল হক মোল্লা)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-২)।

DR: Admin-2\Forwarding\

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
চেয়ারম্যানের দফতর
সচিব
পরিচালক (অর্থ ও বাজেট)
পরিচালক (পরি)
পরিচালক (আর্কাইভস)
পরিচালক (পিইউএম)
পরিচালক (বেবিএম)
২৩ শ্রাবণ ১৪৩২
তারিখ : ০৭ আগস্ট ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.২৩.০০১.২২-২৫৮

বিষয়: জুলাই গণ-অভ্যুত্থানে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান (বিশ্ববিদ্যালয়, স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা) হতে শহীদ ও আহত জুলাই যোদ্ধাদের তথ্যাদি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জুলাই গণ-অভ্যুত্থান বাংলাদেশের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ও যুগান্তকারী ঘটনা। ২০২৪ সালের জুলাই আন্দোলন শিক্ষার্থীদের তাজা রক্তে রাঙানো। তাঁদের আত্মত্যাগ এবং শহীদ পরিবারের অশ্রুজলের কান্নার বিনিময়ে আমরা নতুন বাংলাদেশ বিনির্মাণের সুযোগ পেয়েছি। যারা এই বিপ্লবে শহীদ হয়েছেন, তাঁরা আমাদের মাঝে নেই, কিন্তু তাঁদের সাহস আর আত্মত্যাগ চিরদিন আমাদের হৃদয়ে বেঁচে থাকবে। তাঁরা কেবল শিক্ষার্থী ছিলেন না, তাঁরা ছিলেন পরিবর্তনের মশাল, গণতন্ত্রের সৈনিক। জুলাই গণ-অভ্যুত্থানের ফলাফল ছিল সুদূরপ্রসারী এবং বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এ এক নতুন যুগের সূচনা।

০২। বর্তমানে অন্তর্বর্তী সরকার জুলাই গণ-অভ্যুত্থান ধারণ করে আহত ও শহীদ শিক্ষার্থীদের অবদানকে স্বীকৃতি দিতে বদ্ধপরিকর। এ ধারাবাহিকতায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে আহত ও শহীদ শিক্ষার্থীর অবদান স্মরণে রাখতে এ মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করেছে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান (বিশ্ববিদ্যালয়, স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা) হতে শহীদ ও আহত শিক্ষার্থীদের বীরগাঁথা তথ্য নিম্নোক্তভাবে সংগ্রহ করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে:

ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান তার প্রতিষ্ঠানের জুলাই বিপ্লব ২০২৪ এ শহীদ ও আহত হয়েছেন (গেজেট অনুযায়ী) তাদের ছবিসহ দুই পাতার মধ্যে একটি প্রবন্ধ জমা দিবেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান একটি কমিটি গঠন করে এই প্রবন্ধ লিখে এবং সম্পাদনা করে প্রেরণ করবেন। লেখার হার্ডকপি মন্ত্রণালয়ের (বদরুল হাসান লিটন, যুগ্মসচিব (পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) ঠিকানায় প্রেরণের পাশাপাশি সফটকপি নিকস বাংলা ১৪ ফন্টে ই-মেইলে (apa@moedu.gov.bd) প্রেরণ করতে হবে;

খ) লেখার সাথে প্রমাণক হিসেবে এ পর্যন্ত পত্রিকায় প্রকাশিত সংবাদ, ছবি, সরকারি গেজেট ও অন্যান্য প্রমাণক সংযুক্ত করতে হবে। ই-মেইলের ক্ষেত্রে স্ক্যান কপি সংযুক্ত করতে হবে;

গ) প্রতিষ্ঠান প্রধান, প্রতিষ্ঠানের সর্বোচ্চ সিনিয়র শিক্ষক এবং প্রবন্ধ লেখার সাথে সংশ্লিষ্ট কমিটির সভাপতি এই তিনজনের যৌথ স্বাক্ষরসহ এতদসংক্রান্ত প্রত্যায়নপত্র প্রেরণ করবেন; ও

ঘ) এই সংকলন ও ওয়েবসাইটের কাজে মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট হিসেবে জনাব বদরুল হাসান লিটন, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ দায়িত্ব পালন করবেন (প্রয়োজনে তার সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।

০২। এমতাবস্থায়, জুলাই গণ-অভ্যুত্থানে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান (বিশ্ববিদ্যালয়, স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা) হতে শহীদ ও আহত জুলাই যোদ্ধাদের বর্ণিত তথ্যাদি সংগ্রহপূর্বক আগামী ২০ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে উল্লিখিত ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট পৌঁছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(জাবের মো: সোয়াইব)
পরিচিতি নম্বর: ১৭৬৮৭
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ২২৩৩৮৪৫৮২
ই-মেইল: as.admin2@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলি রোড, ঢাকা।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.২৩.০০১.২২-২৫৮/১(১১)

তারিখ : ২৩ শ্রাবণ ১৪৩২ / ০৭ আগস্ট ২০২৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব বদরুল হাসান লিটন, যুগ্মসচিব (পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতি ৭ দিন পর পর প্রাপ্ত প্রতিবেদন এর অগ্রগতি উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে অবহিত করবেন)।
০২। উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

প্রত্যায়নপত্র

এই মর্মে প্রত্যায়ন করা যাচ্ছে যে, আমার প্রতিষ্ঠানের শিক্ষার্থী এবং জুলাই বিপ্লবে শহীদ/আহত জুলাই যোদ্ধা এর বিষয়ে বর্ণিত লিখাগুলো সত্য এবং সঠিক। এ বিষয়ে কোনো তথ্যগত ভুল/ অসংগতি পরিলক্ষিত হলে পরবর্তীতে এর দায়দায়িত্ব আমাদের উপর বর্তাবে।

| | | |
|---|---|---|
| স্বাক্ষর ও সীল<br>সম্পাদনা কমিটির আহবায়ক | স্বাক্ষর ও সীল<br>সিনিয়র শিক্ষক | স্বাক্ষর ও সীল<br>প্রতিষ্ঠান প্রধান |